



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন  
সংস্কৃতি

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০০.০০৫.২৬.০০০১.১৮.৮

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
০৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: আগামী ১৩-২১ জুলাই ২০২৬ তারিখ দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত World Heritage Young Professionals Forum 2026-এ অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

সূত্র: KNCU-127, 24 February 2026

উপর্যুক্ত বিষয়ে কোরিয়ান ইউনেস্কো জাতীয় কমিশন হতে ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত পত্র ও আনুষঙ্গিক কাগজপত্র আপনার সদয় অবগতি ও কার্যার্থে এসাথে প্রেরণ করা হলো। পত্রে দক্ষিণ কোরিয়ার বিভিন্ন অঞ্চলে আগামী ১৩-২১ জুলাই ২০২৬-এ অনুষ্ঠিত World Heritage Young Professionals Forum 2026-এ অংশগ্রহণের জন্য তরুণ পেশাদার/অনুশীলনকারীদের নিকট থেকে আবেদন আহ্বান করা হয়েছে (বিবেচ্য সংযুক্তি: Call For Applications – World Heritage Young Professionals Forum 2026.pdf, সদয় দ্রষ্টব্য)।

২। উল্লেখ্য, বর্ণিত ফোরামের এবারের প্রতিপাদ্য “World Heritage, Communities and Education: Empowering Youth as agents of change”। বিশ্বের প্রাকৃতিক ও সাংস্কৃতিক বিশ্ব ঐতিহ্য স্থানসমূহের সুরক্ষা, সংরক্ষণ ও ব্যবস্থাপনায় তরুণ পেশাজীবীদের দক্ষতা, ক্রিটিক্যাল আন্ডারস্ট্যান্ডিংয়ের সক্ষমতা বৃদ্ধি করা ও এই কাজে তাদের আরও অঙ্গীকারাবদ্ধ করা এই ফোরাম আয়োজনের মূল উদ্দেশ্য। এই ফোরামে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের আগামী ১৫ মার্চ ২০২৬ তারিখের মধ্যে <https://unesco-2023.limesurvey.net/662537> লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সমগ্র বিশ্ব থেকে Education and teaching in formal learning settings, World Heritage site management, Research and innovation related to World Heritage, Work within NGOs or community-level associations focused on World Heritage; প্রভৃতি ক্ষেত্রে ২৩-৩২ বছর বয়সী ৩০ জন তরুণ পেশাদার/অনুশীলনকারী আলোচ্য ফোরামে অংশগ্রহণের সুযোগ পাবে। ফোরামে অংশগ্রহণের যাবতীয় ব্যয় আয়োজক দেশ বহন করবে।

৩। বর্ণিত অবস্থায় বিষয়টি বহল প্রচারের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

০৪-০৩-২০২৬

সাবভীনা মনীর চিঠি  
ডেপুটি সেক্রেটারি জেনারেল

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ২। সচিব, সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব, সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং
- ৪। প্রোগ্রাম অফিসার (আইসিটি), তথ্য ও যোগাযোগ শাখা, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।